

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়  
মেহেরপুর গণপূর্ত বিভাগ, মেহেরপুর।  
ফোন ও ফ্যাক্স নং ০৭৯১-৬২৪২২

স্মারক নং ৪৪৭

তারিখ : ১৯/০৩/২০১৮ খ্রিঃ।

## মৌসুমী আমফল, লিচু, কাঁঠালের ইজারা কোটেশন বিজ্ঞপ্তি

ইজারা কোটেশন বিজ্ঞপ্তি নং ০১/২০১৭-২০১৮

এতদ্বারা আম আহরণের প্রকৃত ব্যবসায়ী/এতদসংশ্লিষ্ট ব্যবসায়ীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মেহেরপুর গণপূর্ত স্ট্যাক ইয়ার্ড, মেহেরপুর গণপূর্ত নন-গেজেটেড স্টাফ কোয়ার্টার্স (বাসস্ট্যান্ড সংলগ্ন) এবং মেহেরপুর গণপূর্ত নির্বাহী প্রকৌশলীর অফিস বাগানের আম (গাছের সংখ্যা ৬২ টি), লিচু (গাছের সংখ্যা ৪ টি), কাঁঠাল (গাছের সংখ্যা ৩ টি) মোট ৬৯ টি গাছের ফল এক মৌসুমের (২০১৭-২০১৮) জন্য ইজারা বন্দোবস্ত প্রদানের নিমিত্তে সিলমোহরকৃত কোটেশন আহবান করা যাচ্ছে। আগামী ২৮/০৩/২০১৮ তারিখে বেলা ১২.০০ টা পর্যন্ত উক্ত কোটেশন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, পুলিশ সুপার, মেহেরপুর এবং জেলা প্রশাসক, মেহেরপুর এবং নির্বাহী প্রকৌশলী, চুয়াডাঙ্গা গণপূর্ত বিভাগ, চুয়াডাঙ্গা এর কার্যালয়ে রক্ষিত টেভার বাক্সে গৃহীত হবে। গৃহীত কোটেশন একই দিন বিকাল ৩.০০ টায় নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে খোলা হবে। এক্ষেত্রে, আগ্রহী কোটেশন দাতাগণ উপস্থিত থাকতে পারেন। কোটেশন তফশীল নিম্নস্বাক্ষরকারী/ নির্বাহী প্রকৌশলী চুয়াডাঙ্গা/কুষ্টিয়া/ঝিনাইদহ/মাগুরা/যশোর অফিস হতে আগামী ২৭/০৩/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নগদে ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা মূল্যে (অফেরৎ যোগ্য) ক্রয় করতে পারা যাবে। বায়না হিসাবে টাকা ৫০,০০০/- (টাকা পঞ্চাশ হাজার) যে কোন তফশীল ব্যাংক হতে নির্বাহী প্রকৌশলী, মেহেরপুর গণপূর্ত বিভাগ, মেহেরপুরের অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে কোটেশনের সাথে সংযুক্ত করে দাখিল করতে হবে। উক্ত টাকা কোটেশন নিষ্পত্তি হওয়া পর্যন্ত জমা থাকবে এবং অনুমোদনকৃত কোটেশনের ক্ষেত্রে উক্ত টাকা আম আহরণের শেষ সময় পর্যন্ত জমা থাকবে। আম আহরণের সময়ে এবং অন্যান্য ক্ষেত্রে কোটেশন তফশীলে বর্ণিত যাবতীয় শর্তাবলী আরোপিত থাকবে।

  
19102/18

(মোহাম্মদ মোজার হোসেন দেওয়ান)

নির্বাহী প্রকৌশলী

মেহেরপুর গণপূর্ত বিভাগ, মেহেরপুর।

